



জেলা শিল্পকলা একাডেমি, নাটোর
www.shilpakala.natore.gov.bd

স্মারক: ৪৩.২০.৬৯০০.০০১.৯৯.০০১.২৩.১৪৭

তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

বাংলাদেশের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে জেলা পর্যায়ে বিশেষ অবদানের জন্য গুণীজন/ প্রতিষ্ঠান এবং তাদের কর্মকাণ্ড চিহ্নিত করে ২০১৩ সাল থেকে ‘জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা’ প্রদান করা হয়। জেলা শিল্পকলা একাডেমি, নাটোরের ব্যবস্থাপনায় নাটোর জেলায় সংস্কৃতির ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ ২০২৩ সালে ১) কণ্ঠসংগীত, ২) নৃত্যকলা, ৩) যন্ত্রসংগীত, ৪) চারুকলা, ৫) ফটোগ্রাফি, ৬) নাট্যকলা, ৭) চলচ্চিত্র, ৮) আবৃত্তি, ৯) যাত্রাশিল্প, ১০) লোকসংস্কৃতি, ১১) সৃজনশীল সাংস্কৃতিক সংগঠন/ সংগঠক এবং ১২) সৃজনশীল সাংস্কৃতিক গবেষক এর যে কোন শাখায় অসামান্য অবদানের জন্য প্রতিটি বিষয়ের মধ্য হতে যে কোন ০৫ (পাঁচ)টি বিষয়ে ০১ (এক)জন করে সর্বোচ্চ ০৫ (পাঁচ)জন গুণী ব্যক্তিকে তাঁদের কর্মের জন্য ‘জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা ২০২৩’ প্রদান করা হবে।

নাটোর জেলার সকল উপজেলায় সংস্কৃতির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ২০২৩ সালের সম্মাননা প্রদানের লক্ষ্যে বিশিষ্ট ব্যক্তিগণ/ প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক মোতাবেক আগামী ২১ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, নাটোর অফিসে সরাসরি/ ডাকযোগে/ ই-মেইল: natore@shilpakala.gov.bd জমা/ প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। তথ্যছকটি-www.shilpakala.natore.gov.bd/ জেলা শিল্পকলা একাডেমিতে পাওয়া যাবে।

সম্মাননা প্রাপ্তির যোগ্যতা ও সীমাবদ্ধতা

১. অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নাটোর জেলার স্থায়ী নাগরিক হতে হবে।
২. বয়স অবশ্যই ৪০ বছর পূর্ণ হতে হবে।
৩. কোন মরণোত্তর সম্মাননা প্রদান করা হবে না।
৪. রাষ্ট্রীয় পর্যায়ে পদকপ্রাপ্ত গুণীজন/ প্রতিষ্ঠান এই সম্মাননার জন্য মনোনীত হবেন না।
৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা ও সার্বভৌমত্ব বিরোধী ব্যক্তি/ প্রতিষ্ঠান সম্মাননা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।

(মোঃ আব্দুল রাকিব বারী)

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি, নাটোর

ও

সদস্য সচিব

জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা ২০২৩ প্রদান কমিটি